



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ

cc.narayanganj.gov.bd

নং ১৭.০২.৬৭০০.০০০.৩২.০৯২.২৫-১৩৮

তারিখঃ ১৫.০১.২০২৫খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ১৩/০১/২০২৫খ্রিঃ তারিখের পত্র নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪-২৫ এর নির্দেশনা মোতাবেক নারায়ণগঞ্জ জেলার ০৫(পাঁচ) টি উপজেলা (বুপগঞ্জ, আড়াইহাজার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ সদর ও বন্দর) ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে কার্যক্রম চলাকালীন সময়ের জন্য প্রয়োজনীয় প্যানেল তৈরির নিমিত্তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	২	৩	৪
০১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রি থাকতে হবে)	ছবিসহ ভোটার তালিকার কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে
০২	পুফ রিডার	এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং স্পিডঃ বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২৫ শব্দ থাকতে হবে।	
০৩	টিম লিডার	এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	
০৪	ডাটা এন্ট্রি অপারেটর	এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং স্পিডঃ বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২৫ শব্দ থাকতে হবে।	
০৫	ডাটা এন্ট্রি হেলপার	এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	

উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ করে আবেদনপত্র আগামী ২৬/০১/২০২৫খ্রি. তারিখ (অফিস চলাকালীন সময়ের মধ্যে হাতে হাতে বা ডাকযোগে) জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

শর্তাবলীঃ

- প্রার্থীর নাম, জাতীয় পরিচিতি নং, পদের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, নিজ জেলা, জাতীয়তা, জন্ম তারিখ ২৬/০১/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বয়স, প্রার্থীর ব্যাংক একাউন্ট নং (ব্যাংকের নাম ও শাখার নামসহ), মোবাইল নং ও শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি উল্লেখসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে ২কপি ৫ X ৫ সে.মি. সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ, ভুল তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুত করে প্রস্তুতকৃত প্যানেল হতে মেধাক্রম অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ করা হবে।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তির বিরুদ্ধে কোন ধরনের অভিযোগ পাওয়া গেলে এবং প্রাপ্ত অভিযোগ প্রমাণিত হলে তার নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী শুধুমাত্র হালনাগাদ কার্যক্রম চলাকালীন সময়ের জন্য।
- আবেদনকারীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা আগামী ২৮/০১/২০২৫খ্রি. তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ এর সভাকক্ষে গ্রহণ করা হবে। এজন্য কোন প্রার্থীর নামে পৃথক ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।
- আবেদনকারীগণকে পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।
- টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, টিম লিডার, পুফ রিডার, ডাটা এন্ট্রি অপারেটরদের ও ডাটা এন্ট্রি হেলপার এর দায়িত্ব অবহেলার জন্য রেজিস্ট্রেশন যন্ত্রপাতির কোন ক্ষতি বা বিনষ্ট বা হারানো গেলে তা তিনি প্রতিস্থাপন করিতে বাধ্য থাকবেন।
- পারিশ্রমিক বাবদ অর্থ নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বরাদ্দ প্রাপ্ত সাপেক্ষে নির্ধারিত হারে কাজের বিল পরিশোধ করা হবে।
- আবেদন ফরম জেলা নির্বাচন অফিস, নারায়ণগঞ্জ হতে সংগ্রহ অথবা cc.narayanganj.gov.bd ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে।

(মোহাম্মদ আলমগীর হোসেন)

জেলা নির্বাচন অফিসার

নারায়ণগঞ্জ

ফোন-০২২২৪৪২৭৩৮৪


Email: deonarayanganj@gmail.com

নং ১৭.০২.৬৭০০.০০০.৩২.০৯২.২৫- ৩৯

সদয় অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

তারিখঃ ১৫.০১.২০২৫খ্রিঃ

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ৮। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। নোটিশ বোর্ড



জেলা নির্বাচন অফিসার
নারায়ণগঞ্জ